# সভা নং-১২

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ মে মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মাহমুদা জাহান
প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।

সভার তারিখ ঃ ২৮/০৫/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, বর্তমানে সারা বিশ্ব একটি ভাইরাস Human Metapneumo Virus প্রাদুর্ভাব দেখা দিয়েছে, আমরা সকলে সচেতন হলে এর থেকে পরিত্রাণ সম্ভব। আমাদের সামনে ঈদ উল আযহা আসতেছে। ব্রাহ্মণপাড়ার জন্ম মৃত্যু নিবন্ধন ১০০% উন্নতি করতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার সকল কর্মচারীগণকে নির্দেশ প্রদান করা হয়। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলার কৃষির সার্বিক অবস্থা সন্তোষজনক। উপজেলায় সার ও বীজের প্রাপ্যতা সন্তোষজনক। বর্তমানে এই দপ্তরে জনবল সংকট রয়েছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩. | **উপজেলা প্রকৌশলী :** উপজেলা প্রকৌশলী,ব্রাহ্মণপাড়া,কুমিল্লা জানান যে,ক. ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ণ কর্মসূচী (এডিপি) এর প্রকল্প পরিবর্তন " লাড়ুচৌ খালেকের বাড়ির সামনে ব্রিজ নির্মাণ ৩,৫০,০০০/-" টাকা দরপত্র পরিবর্তে "দক্ষিণ শিদলাই নোয়াপাড়া যাওয়ার রাস্তায় বীর মুক্তিযোদ্ধা শহিদ ফকিরের বাড়ির রাস্তায় আরসিসি করন ৩,৫০,০০০/-" টাকা দরপত্রের মাধ্যমে বাস্তবায়নে সংশোধিত প্রকল্প উপস্থাপন করেন।<br>খ.উপজেলা প্রকৌশলী,ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে,উপজেলা পরিষদ ডরমেটরি অবস্থিত রান্না ঘরটির দরজা ভাঙ্গা,বেসিন ভাঙ্গা, ইলেকট্রিক লাইন নষ্ট ও বার্থরুমের দরজা নষ্ট অবস্থায় থাকায় জরুরী ভিত্তিতে মেরামত করে ২৫,০০০/- টাকার বিল ভাউচার উক্ত সভায় দাখিল করেন। | অনুমোদন করা হয় ও খ অনুচ্ছেদ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |
| ০৪. | **মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য প্রতিষ্ঠানকে লাইসেন্স নবায়নের কাজ চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। প্রদর্শণী খামার নির্বাচন চলমান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে পবিত্র রমজান মাস উপলক্ষে স্বল্প আয়ের মানুষের মাঝে সুলভ মূল্যে দুধ, ডিম বিক্রির কার্যক্রম চলমান আছে।অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, পবিত্র মাহে রমজান ও শবে কদর ও ঈদুল ফিতর দীর্ঘ ছুটির পর ৭ এপ্রিল/২৫ পর্যন্ত বিদ্যালয় খুলেছে এবং পাঠদান কার্যক্রম সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যালয়ে ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ভবন অতিরিক্ত শ্রেণি কক্ষ এবং সীমানা প্রাচীর নির্মাণ কাজ চলমান তা অত্যন্ত ধীরগতি। ফলে শিক্ষার্থীদের পাঠদানে ব্যাঘাত হচ্ছে। পয়নিষ্কাশনের জন্য ওয়াশব্লক তৈরী বরাদ্দ এসেছে। তার অধিকাংশ বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ বন্ধ এবং মান ও ভালো নয়। এছাড়া প্রাথমিক বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, নকলমুক্ত পরিবেশে সুষ্ঠভাবে এস.এস.সি ও সমমানের পরীক্ষা/২০২৫ চলমান আছে। আজ পর্যন্ত বহিষ্কারের মত কোন ঘটনা ঘটেনি।<br>বিনামূল্যে ৬ষ্ঠ হতে একাদশ শ্রেণির সকল বই পাওয়া গেছে এবং তা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। ৬ষ্ঠ হতে একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীর উপবৃত্তির অনলাইনে আবেদন চলছে। আবেদন শুধুমাত্র ৬ষ্ঠ ও একাদশ শ্রেণির শিক্ষার্থীগণ করতে পারবে। গরীব মেধাবী সকল শিক্ষার্থীই আবেদন করতে পারবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সমাজসেবা সকল সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঈদুল আযহার পূর্বেই সকল ভাতাভোগীর মোবাইলে ভাতা পৌছে দেওয়ার লক্ষ্যে ইতিমধ্যে পে-রোল প্রেরণ করা হয়েছে। এক্ষেত্রে মোবাইল প্রতারক থেকে সাবধান থাকতে হবে এবং যাতে কোনো ভাবেই ওটিপি বা কোন কোড কিংবা পিন নাম্বার শেয়ার না করে সে বিষয়ে সকল চেয়ারম্যান মহোদয়কে ব্যাপকভাবে প্রচারের অনুরোধ করা হলো। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান অর্থ বছরে এপ্রিল/২৫ পর্যন্ত ৩৫ জন যুব ও যুব মহিলাদের মাঝে ২৪,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ইতোমধ্যে বিভিন্ন বিষয়ে ১২টি ব্যাচে ৩৬০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়। বর্তমানে ০২টি বিষয়ে ০২টি ব্যাচে ৬০ জনের প্রশিক্ষণ চলমান আছে। চলমান মাসে যুব ঋণ আদায়ের হার ক্রমপুঞ্জিত ৯৩.৩৯%। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ক. ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় পর্যায় খাত ওয়ারী বরাদ্দ টিআর,কাবিখা (গম), কাবিটা প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির থেকে অনুমোদন হয়েছে এবং ইউনিয়ন গুলি কাজ শুরু করেছে কাবিখা চাল প্রকল্পের তালিকা উপজেলা কমিটি থেকে প্রেরণ করা হয়েছে জেলা কর্ণধার কমিটির হতে অনুমোদন হয়ে বর্তমানে প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>খ. মালাপাড়া ইউনিয়নের মনোহরপুর গ্রামের আবু তাহের,পিতা-মৃত মোশকত আলী,গ্রাম-মনোহরপুর,গত ০৫/০৬/২০২৫ তারিখে বৈদ্যুতিক শর্ট সার্কিটের আগুনে তাঁহার ০২টি বসতঘর পুড়ে ক্ষতিগ্রস্ত হয়। চেয়ারম্যান মালাপাড়া ইউনিয়ন পরিষদ ঘর মেরামতে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তার জন্য প্রত্যয়নের মাধ্যমে সুপারিশ করেন। | আবু তাহের ৫০,০০০/- টাকা অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ঘরগুলো নির্মাণে আর্থিক সহায়তা করার অনুমোদিত হয়। উপজেলা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৪-২০২৫ চক্রের উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে সার্ভারে সমস্যা থাকায় আবেদন প্রক্রিয়া আপাতত বন্ধ রয়েছে পরবর্তী নির্দেশনা পাওয়া মাত্র সকলকে অবহিত করা হবে। কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫ সালে ক্লাব সদস্য নির্বাচনের লক্ষ্যে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োগের লক্ষ্যে যাচাই বাছাই পূর্বক আবেদন পত্র সমূহ সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এপ্রিল/২০২৫ মাসে বাল্য বিবাহের কোন অভিযোগ পাওয়া যায়নি। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা জানান যে, উপজেলা তথ্যকেন্দ্রের ডোর টু ডোর তথ্য ভিত্তিক এবং ০২টি উঠান বৈঠকসহ সকল সেবা চলমান | | তথ্য সেবা কর্মকর্তা |
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫০৪৪ জনের মধ্যে খাবার বড়ি ১৬৭৩৬ জন, কনডম ২৬১৫ জন, ইনজেকশন ৫৮৮৪ জন, আইইডি ১৬৫৩জন, ইমপ্লান্ট-৩০১১ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫২২জন এবং মহিলা ৩৯৭৬জন, ইউনিয়নের মোট ৩৪৩৯৭ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.৩৬%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৮২২ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ১৩৬ জন,গর্ভকালীন ৬৯৩জন ও গর্ভোত্তর ৪৮৯ জনকে সেবা প্রদান করা হয়েছে। এপ্রিল/২০২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৫৭ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে এ মাসের মোট সদস্য ভর্তি শূণ্য জন, শেয়ার আদায় শূণ্য টাকা, সঞ্চয় আদায় ১৭,০০০/-টাকা। চলতি অর্থ বছরে ৪৩৪.০০ লক্ষ টাকা ঋণ বিতরণের বিপরীতে ইতিমধ্যে ৩২৮.৪৪ লক্ষ টাকা ঋণ আদায় বিতরণ করা হয়। ঋণ আদায় ৩০১.১২ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬৯% বিদ্যমান খেলাপী ঋণের টাকা আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** উপজেলা পল্লী সঞ্চয় ব্যবস্থাপক সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের ঋণ আদায় ৯১.৫০, বিতরণ করেছি ১০.৮০ (দশ কোটি আশি লক্ষ) টাকা, সঞ্চয় আদায় ৭৫ (পচাঁত্তুর লক্ষ) টাকা, ৬৯ জন মৃত ব্যক্তির প্রায় ২২.২৫ লক্ষ টাকা ঋণ মওকুফের আবেদন পাঠানো হয়েছে। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে,সমবায় বিভাগে কার্যকর সমবায় সমিতির সংখ্যা ২৮টি, অকার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৩৮টি, মোট সমবায় সমিতির সংখ্যা ১৬৬টি। সকল সমবায় সমিতিগুলো অডিট,পরিদর্শন এবং সমিতি সদস্যদেরকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করে থাকি। সমবায় বিভাগের সার্বিক কার্যক্রম ভালো আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,UNICEF Supported Eastern Flood Response-2 প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে প্রায় ৫০% কাজ বাস্তবায়ন হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের গভীর নলকূপের মালামাল উপজেলা অফিসে স্টোর করা হয়েছে। আগামী মাস থেকে বোরিং কার্যক্রম শুরু হবে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯. | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
| গ. | উপজেলা পরিষদের বাজেটঃ<br>সভাপতি জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট সভায় রাজস্ব আয় ধরা হয়েছে ২,২৪,৬৮,০০০/- টাকা, রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৮৫,৫৯,১০০/-টাকা এবং রাজস্ব উদ্বত্ত ১,৩৮,৮৮,৯০০/-টাকা। তাছাড়াও উন্নয়ন খাতে ( সরকারী বরাদ্ধ+ রাজস্ব উদ্বত্ত) প্রাপ্তি ২,৮৯,৮৮,৯০০/-টাকা। সভায় বাজেটের কপি উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় উত্থাপিত উপজেলা পরিষদের ২০২৫-২০২৬অর্থ বছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.০৬.২০২৫
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোনঃ ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-২৮(২৮) তারিখঃ ১৮/০৬/২০২৫খ্রি.

অনুলিপি :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১-৫) সদয় অবগতির জন্য।

৬. চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা। অবগতি ও কার্যার্থে।
৭. অফিস নথি।

১৮.০৬.২০২৫
(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।